গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাজেট শাখা
www.mole.gov.bd

বিষয়: "শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী (৩য় কোয়ার্টার, জুন ০১ থেকে মার্চ ৩০, ২০২২ পর্যন্ত)

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. সেলিনা আক্তার<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৫/০৩/২০২২ খ্রিঃ |
| সময় | : | দুপুর ৩.০০ মিনিট |
| সভার স্থান | : | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষ |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা "পরিশিষ্ট-ক"

সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, সিনিয়র সহকারী সচিব (বাজেট) সভায় অবহিত করেন যে, গত ০৯/১২/২০২১ খ্রিঃ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির ২য় কোয়ার্টার এর সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় জানানো হয় (সংযোজনী-১)। সকল সিদ্ধান্ত নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়িত হওয়ায় উপস্থিত কমিটির সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন। সদস্য সচিব আরো জানান যে, এ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ষাণ্মাসিক প্রতিবেদনে উল্লেখিত সকল সূচকে মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন টিম কর্তৃক পূর্ণ নম্বর পাওয়া গিয়েছে।

সভাপতির অনুমতিক্রমে সিস্টেম এনালিস্ট সুকান্ত বসাক সভায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়, বরিশাল এর প্রদত্ত সিটিজেন চার্টার এর অভিজ্ঞতা জানান। তিনি জানান যে, উক্ত কার্যালয়ে মুদ্রিত সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে প্রদর্শিত রয়েছে। উক্ত সিটিজেন চার্টারে প্রদত্ত সেবার নাম, সেবা প্রদানকারী কর্মকর্তার নাম ও টেলিফোন নম্বর রয়েছে। এর পরিপ্রেক্ষিতে সভাপতি কমিটির সকল সদস্যকে দাপ্তরিক কাজে বিভিন্ন কার্যালয় পরিদর্শনের সময় উক্ত কার্যালয় এর সিটিজেন চার্টার এ প্রদত্ত সেবা সঠিকভাবে দেওয়া হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করার জন্য অনুরোধ জানান।

সভায় বিদ্যমান সিটিজেন চার্টারটি নিয়ে আলোচনা করা হয়। জনাব মোর্শেদা আক্তার, উপসচিব জানান যে, বিদ্যমান সিটিজেন চার্টারে বহি:বাংলাদেশ ছুটি, বৈদেশিক প্রশিক্ষণ এবং কর্মকর্তাদের বদলীজনিতকারণে অবমুক্তির ক্ষেত্রে না-দাবী প্রত্যয়ন সেবা প্রদান করা হলেও তা অন্তর্ভুক্ত নেই। সভায় সর্বসম্মতিক্রমে বিদ্যমান সিটিজেন চার্টার হালনাগাদ করার সময় অর্জিত ছুটি (বহি:বাংলাদেশ), বৈদেশিক প্রশিক্ষণ এবং না-দাবী প্রত্যয়ন সেবা অভ্যন্তরীণ সেবায় অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সদস্য সচিব সভায় আরো অবহিত করেন যে, এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ০২ (দুই)টি স্টেকহোল্ডার সভা আয়োজন করা প্রয়োজন। সভায় উপস্থিত সদস্যগণ সিটিজেন চার্টারে প্রদত্ত সেবাসমূহের মধ্যে অভ্যন্তরীণ সেবা নিয়ে মন্ত্রণালয় এর কর্মকর্তা এবং প্রাতিষ্ঠানিক সেবা নিয়ে দপ্তর/সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে ০২ (দুই) টি স্টেকহোল্ডার সভা করার অভিমত ব্যক্ত করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা |
|---|---|---|
| ২.১ | এ মন্ত্রণালয় এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থার বিদ্যমান সিটিজেন চার্টার আগামী ৩১ মার্চ ২০২২ এর মধ্যে হালনাগাদ করবে। | ১। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>৩। শ্রম অধিদপ্তর<br>৪। নিম্নতম মজুরী বোর্ড<br>৫। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন<br>৬। কেন্দ্রীয় তহবিল |
| ২.২ | মন্ত্রণালয় এর বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতিতে বৈদেশিক প্রশিক্ষণ, অর্জিত ছুটি (বহি:বাংলাদেশ) এবং না-দাবী প্রত্যয়ন অন্তর্ভুক্ত করতে হবে। | সদস্য সচিব<br>সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি |
| ২.৩ | হালনাগাদকৃত সিটিজেন চার্টার স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ১। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>৩। শ্রম অধিদপ্তর<br>৪। নিম্নতম মজুরী বোর্ড<br>৫। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন<br>৬। কেন্দ্রীয় তহবিল |

০৩। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

২৫/০৩/২০২২

ড. সেলিনা আক্তার
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
আহবায়ক
সিটিজেন চার্টার বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়